

নং-৪৬.০০.৩২০০.০৪২.১৪.০৩৫.১৭. ৬২

তারিখঃ ২ জ্যৈষ্ঠ ১৪২৫ বঙ্গাব্দ  
০৪ জুন ২০১৮ খ্রিস্টাব্দ

বিষয়ঃ গাইবান্ধা জেলা পরিষদের অনুকূলে ২০১৭-২০১৮ অর্থ বছরে এডিপি সাধারণ বরাদ্দের আওতায় গৃহীত প্রকল্প সংশোধন।

সূত্রঃ গাইবান্ধা জেলা পরিষদ কার্যালয়ের স্মারক নং- জেপ/গাই/১২৫২ তারিখঃ ১০/০৫/২০১৮।

গাইবান্ধা জেলা পরিষদের অনুকূলে ২০১৭-২০১৮ অর্থ বছরে এডিপি সাধারণ সংরক্ষিত বরাদ্দ উপখাতের আওতায় ১,০০,০০,০০০/- (এক কোটি) টাকায় গৃহীত ৬৬টি প্রকল্পের মধ্যে প্রকল্প তালিকার ক্রমিক নং- ৪৮, ৪৯ এ গৃহীত প্রকল্প ২টি ১,০০,০০০/- (এক লক্ষ) টাকার নীচে। স্থানীয় সরকার বিভাগের ২১/০৯/২০১৬ তারিখের ২২৬০ নং স্মারকের নির্দেশনা অনুযায়ী এডিপি বরাদ্দকৃত অর্থে ১,০০,০০০/- (এক লক্ষ) টাকার নীচে কোন প্রকল্প গ্রহণ করা যাবে না।

২। এমতাবস্থায়, ২০১৭-২০১৮ অর্থবছরে গাইবান্ধা জেলা পরিষদের এডিপি সাধারণ সংরক্ষিত বরাদ্দ উপখাতের আওতায় গৃহীত ৬৬টি প্রকল্পের মধ্যে বর্ণিত প্রকল্পগুলো স্থানীয় সরকার বিভাগের ২১/০৯/২০১৬ তারিখের ২২৬০ নং স্মারকের নির্দেশনা অনুযায়ী সংশোধন করে জরুরী ভিত্তিতে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

J. H. An  
০৪/০৬/২০১৮  
(ড. জুলিয়া মন্সন)  
উপসচিব

ফোনঃ ৯৫৭৫৫৬৮

Email-lgzp@lgd.gov.bd

প্রধান নির্বাহী কর্মকর্তা  
জেলা পরিষদ, গাইবান্ধা।

অনুলিপিঃ

- ১। অতিরিক্ত সচিব (প্রশাসন), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। যুগ্মসচিব (প্রশাসন), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। চেয়ারম্যান, জেলা পরিষদ, গাইবান্ধা।
- ৪। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৫। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।